# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

### ঢাকা, রোববার ২৪ জুলাই ২০১৬, ৯ শ্রাবণ ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জঙ্গি ও সন্ত্রাসবাদ যে কোনো মূল্যে প্রতিহত করা হবে
: 'জনপ্রশাসন পুরস্কার' প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। জঙ্গিবাদ মোকাবিলায় সারাবিশ্ব পাশে আছে
: আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির সভায় প্রধানমন্ত্রী

৩। জঙ্গিবাদের বিরুদ্ধে সামাজিক আন্দোলন ও সাংস্কৃতিক কর্মকাণ্ড বৃদ্ধির তাগিদ
: উপাচার্য-সরকার মতবিনিময় সভা অনুষ্ঠিত

৪। আইএস নয়, দেশের জঙ্গিরাই হামলা চালাচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। আমরা জঙ্গিদের বিরুদ্ধে যুদ্ধের মধ্য দিয়ে যাচ্ছি : তথ্যমন্ত্রী

৬। পাটকলগুলো দ্রুত লাভজনক প্রতিষ্ঠানে রূপ নেবে : বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী

৭। ছয় মাসে জনশক্তি রফতানি বেড়েছে ৫২ শতাংশ

৮। উত্তরাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি : দুই লক্ষাধিক মানুষ পানিবন্দি

৯। রাজধানীর আবাসিক এলাকায় আজ থেকে শুরু হচ্ছে রাজউকের উচ্ছেদ অভিযান

১০। বাংলাদেশ থেকে অবিবাহিত পুরুষ কর্মী নেবে না সৌদি আরব

চলমান পাতা-২

১। **জঙ্গি ও সন্ত্রাসবাদ যে কোনো মূল্যে প্রতিহত করা হবে : 'জনপ্রশাসন পুরস্কার' প্রদান অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ মোকাবিলায় সরকারের জিরো টলারেন্স নীতি মাথায় রেখে কাজ করতে প্রজাতন্ত্রের কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশ দিয়ে বলেছেন, যে কোনো মূল্যে এসব প্রতিহত করে জনজীবনে শান্তি ও নিরাপত্তাবোধ ফিরিয়ে আনা হবে। কোনো ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ড আমরা বাংলাদেশের মাটিতে চলতে দেব না। এক্ষেত্রে প্রত্যেককে স্ব স্ব অবস্থান থেকে কাজ করতে হবে। ধর্মের প্রকৃত শিক্ষাটা যেন মানুষ পায়, মাঠ পর্যায়ে যারা আছেন তাদের সেদিকে লক্ষ্য রাখতে হবে। গতকাল ২৩ জুলাই শনিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের কাজে উৎসাহ প্রদানের নিমিত্তে দেশে প্রথমবারের মতো প্রবর্তিত 'জনপ্রশাসন পদক ২০১৬' বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। প্রধানমন্ত্রী স্ব স্ব ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ ৩০ জন ব্যক্তি ও প্রতিষ্ঠানের মধ্যে এই পদক বিতরণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **সংবাদ, সমকাল, জনকণ্ঠ, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, অবজারভার** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **জঙ্গিবাদ মোকাবিলায় সারাবিশ্ব পাশে আছে : আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটির সভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনগণ সচেতন থাকলে বাংলাদেশে কখনোই জঙ্গিবাদের ঠাঁই হবে না। কারণ জনতার শক্তিই সবচেয়ে বড় শক্তি। জনগণই যেকোনো দুর্যোগ-দুর্বিপাকে প্রতিরোধ গড়ে তুলেছে। তিনি আরো বলেন, সন্ত্রাস-জঙ্গিবাদ মোকাবিলার ক্ষেত্রে বাংলাদেশ একা নয়, এক্ষেত্রে দেশের জনগণের পাশাপাশি পুরো বিশ্বই আমাদের পাশে রয়েছে। তারা যে কোন সহযোগিতা দিতে প্রস্তুত। তাই জঙ্গি-সন্ত্রাসী ছাড়াও তাদের মদদদাতা, অর্থ ও অস্ত্রদাতা, উস্কানিদাতাসহ সবার শিকড় সন্ধানে নেমেছি। সবাইকে খুঁজে বের করে কঠোর শাস্তি নিশ্চিত করা হবে। জনগণের শক্তি দিয়েই আমরা দেশ থেকে জঙ্গি-সন্ত্রাসবাদ নির্মূল করবো। গতকাল ২৩ জুলাই শনিবার রাতে গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

৩। **জঙ্গিবাদের বিরুদ্ধে সামাজিক আন্দোলন ও সাংস্কৃতিক কর্মকাণ্ড বৃদ্ধির তাগিদ**
**: উপাচার্য-সরকার মতবিনিময় সভা অনুষ্ঠিত**

জঙ্গিবাদী কার্যক্রম থেকে শিক্ষার্থীদের দূরে রাখতে পরামর্শ দিয়েছেন পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা (ভিসি)। সরকারের সঙ্গে আলোচনায় তারা বলেছেন, দীর্ঘদিনের ধারাবাহিকতায় পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে এক ধরণের সাংস্কৃতিক শূণ্যতা তৈরি হয়েছে। শিক্ষার্থীরা যাতে জঙ্গিবাদের প্রতি আকৃষ্ট না হয় সেজন্য খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড বাড়ানো, ছাত্র সংসদ নির্বাচন দেওয়া, ছাত্র রাজনীতিতে চাঁদাবাজদের প্রশ্রয় না দেওয়া ও শিক্ষক নিয়োগে সতর্ক হওয়া জরুরি বলে বলা হয়। পাশাপাশি প্রত্যেকটি বিশ্ববিদ্যালয়ে পৃথক জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সেল গঠন, শিক্ষকদের উপস্থিতি ও কার্যক্রম মনিটরিং, আইকন হিসেবে মুক্তিযুদ্ধে শহীদ তরুণদের ব্যাপকভাবে তুলে ধরার বিষয়েও একমত হয়েছেন উপাচার্যরা। গতকাল ২৩ জুলাই শনিবার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে 'সাম্প্রতিক পরিস্থিতি ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিতকরণের' শীর্ষক মতবিনিময় সভায় তারা এসব পরামর্শ দেন। শিক্ষা মন্ত্রণালয় এবং ইউজিসি আয়োজিত এ সভায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৪। **আইএস নয়, দেশের জঙ্গিরাই হামলা চালাচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, দেশের কিছু মানুষই দেশের বিরুদ্ধে কাজ করছে। যারা স্বাধীনতাযুদ্ধের বিরোধীতা করেছিল তারাই এখন ছাত্রদের জঙ্গি হতে মদদ দিচ্ছে। আনসারুল্লাহ বাংলাটিম, হুজিসহ কয়েকটি জঙ্গি সংগঠনকে নিষিদ্ধ করেছে সরকার। অনেকে বলেন, দেশে আইএস আছে। প্রকৃত পক্ষে, দেশের জঙ্গিরাই হামলা চালাচ্ছে। তাই দেশের সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে সরকারের পাশাপাশি পরিবারগুলোকে সন্তানদের প্রতি নজর দেওয়াসহ সামাজিক সচেতনতা গড়ে তোলার আহ্বান জানান তিনি। গতকাল ২৩ জুলাই শনিবার

রাজধানীর কারওয়ানবাজারে এফডিসিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে আয়োজিত এক বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৩), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮)।



**৫।	আমরা জঙ্গিদের বিরুদ্ধে যুদ্ধের মধ্য দিয়ে যাচ্ছি : তথ্যমন্ত্রী**

বাংলাদেশ এই মুহূর্তে যুদ্ধের মধ্য দিয়ে যাচ্ছে বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। তিনি বলেন, জঙ্গি সন্ত্রাসীরা দেশের বিরুদ্ধে, মানবতার বিরুদ্ধে, সমাজের বিরুদ্ধে ও ইসলামের বিরুদ্ধে যুদ্ধ শুরু করেছে। এই যুদ্ধে হারা যাবে না। গতকাল ২৩ জুলাই শনিবার রাজধানীর মহাখালীর ব্র্যাক সেন্টারে আহমদীয়া মুসলিম জামাত বাংলাদেশ আয়োজিত 'জঙ্গিবাদের উত্থানে নাগরিক সমাজের করণীয়' শীর্ষক অনুষ্ঠানে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৮) **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫)।

**৬।	পাটকলগুলো দ্রুত লাভজনক প্রতিষ্ঠানে রূপ নেবে : বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী**

দেশের পাটকল খাত দ্রুত লাভজনক হবে বলে আশা প্রকাশ করেছেন বস্ত্র ও পাট প্রতিমন্ত্রী মির্জা আজম। তিনি বলেন, পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন প্রায় শতভাগ বাস্তবায়ন হয়েছে। ফলে সরকারি পাটকলগুলো খুব দ্রুত লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হবে বলে জানান তিনি। গতকাল ২৩ জুলাই শনিবার রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে বাংলাদেশ পাটকল করপোরেশনের (বিজিএমসি) উদ্যোগে ফুটবল প্রিমিয়ার লিগে ভালো কিছু করার প্রত্যয়ে এক উদ্বুদ্ধকরণ সভায় তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬)।

**৭।	ছয় মাসে জনশক্তি রফতানি বেড়েছে ৫২ শতাংশ**

২০১৬ সালের জানুয়ারি-জুন মেয়াদে (প্রথমার্ধে) বাংলাদেশ থেকে জনশক্তি রফতানির হার বেড়েছে। এই সময়ে কাজের ভিসা নিয়ে বিশ্বের বিভিন্ন দেশে গেছে ৩ লাখ ৭২ হাজার ৮৯৫ জন বাংলাদেশি যা গত বছরের একই সময়ের তুলনায় ৫২ শতাংশ বেশি। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) ষাণ্মাসিক প্রতিবেদন সূত্রে এই তথ্য জানা গেছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.২)।

**৮।	উত্তরাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি : দুই লক্ষাধিক মানুষ পানিবন্দি**

বৃষ্টি ও উজান ঢলে নদ-নদীর পানি বৃদ্ধিতে বন্যা পরিস্থিতি ক্রমেই অবনতি হচ্ছে। কুড়িগ্রামে প্লাবিত হয়েছে নতুন এলাকা, বন্ধ হয়ে গেছে শতাধিক স্কুল। পানিবন্দি হয়ে পড়েছে দেড় লাখ মানুষ। যমুনা নদীর পানি বৃদ্ধিতে জামালপুরের বন্যা পরিস্থিতিতে অবনতি ঘটেছে। সেখানে ডুবে গেছে শতাধিক গ্রাম এবং পানি বন্দী হয়ে পড়েছে ৬০ ভাগ মানুষ, বগুড়ায় ডুবে গেছে ৩০টি গ্রাম এবং সেখানে পানিবন্দি ৩০ হাজার মানুষ। এছাড়া পদ্মার পানির স্রোত বেড়ে যাওয়ায় ফেরি চলাচল বন্ধ হওয়ায় চরম দুর্ভোগে পড়েছে যাত্রীরা। স্থানীয় প্রতিনিধিরা এ খবর জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **নিউ এজ** (শেষ পৃ.,ক ২)। **জনকণ্ঠ, নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯।	রাজধানীর আবাসিক এলাকায় আজ থেকে শুরু হচ্ছে রাজউকের উচ্ছেদ অভিযান**

রাজধানীর আবাসিক এলাকায় গড়ে উঠা সব ধরণের বাণিজ্যিক স্থাপনা উচ্ছেদে নামছে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)। আজ থেকে এ উচ্ছেদ কার্যক্রম শুরু হবে। রাজধানীর আবাসিক এলাকাকে বাণিজ্যিকীকরণের হাত থেকে রক্ষা করতে সংস্থাটির নেয়া উচ্ছেদ কার্যক্রম পরিপূর্ণ বাস্তবায়নের কোনো প্রকার ছাড় দেওয়া হবে না। এ কার্যক্রম বাস্তবায়নে যতটুকু কঠোর হওয়া দরকার প্রয়োজনে ততটুকুই কঠোর হওয়ার ঘোষণা দিয়েছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন। একই সঙ্গে এ অভিযান একটানা চলার ঘোষণাও দেন তিনি। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.১,ক.১)।

**১০।	বাংলাদেশ থেকে অবিবাহিত পুরুষ কর্মী নেবে না সৌদি আরব**

বাংলাদেশ থেকে ‘সিঙ্গেল’ পুরুষ গৃহকর্মীদের ভিসা দেওয়া সাময়িক স্থগিত করেছে সৌদি আরব। এক্ষেত্রে নিয়োগকর্তাদেরকে তাদের প্রয়োজন অনুযায়ী পুরুষ গৃহকর্মী যেন অন্য কোনো দেশ থেকে নিতে বলা হয়েছে। আরব নিউজ অনলাইনের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশ থেকে ‘সিঙ্গেল’ পুরুষ গৃহকর্মীর জন্য অস্থায়ীভাবে ভিসা দেওয়া স্থগিত করেছে সৌদি আরবের শ্রম ও সামাজিক উন্নয়ন বিষয়ক মন্ত্রণালয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **প্রথম আলো** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** ( পৃ.১,ক.১)।

=৪=

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বেনাপোল-পেট্রাপোল স্থলবন্দরের সমন্বিত চেকপোস্টের আমদানি-রফতানি বাণিজ্যের দুই দেশের প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিক উদ্বোধনকে স্বাগত জানিয়ে এর মাধ্যমে দুটি রাষ্ট্রের বাণিজ্যিক সম্পর্ক আরও সুসংহত হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **প্রথম আলো, নিউ নেশন :** টাঙ্গাইলের মধুপুর শালবনের একটি বড় অংশকে সংরক্ষিত বন ঘোষণা করায় এ বনের অধিবাসীদের মনে উচ্ছেদ আতংক দেখা দেওয়ার কথা উল্লেখ করে বছরের পর বছর ধরে বসবাস করা এসব মানুষকে উচ্ছেদ না করে সংরক্ষিত বন ঘোষণার সিদ্ধান্তটি পুনর্বিবেচনার সুপারিশ।

গ. **যায়যায়দিন, যুগান্তর :** দেশে সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** বছরে প্রায় ১০ কোটি টাকার ওষুধ ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে নিয়মিত চুরি হচ্ছে এ খবরে উদ্বেগ প্রকাশ করে এ ঘটনার জন্য দায়ী অপরাধীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি।

ঙ. **ডেইলি স্টার :** বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের গৃহস্থালী পর্যায়ে গ্যাসের ১৪০ শতাংশ মূল্য বৃদ্ধির প্রস্তাবসহ অন্যান্য খাতেও মূল্য বৃদ্ধির প্রস্তাব জনস্বার্থে সুবিবেচনা করার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট, প্রথম আলো, ইনকিলাব, ভোরের কাগজ :** কুড়িগ্রাম, নীলফামারী, বগুড়া, জামালপুর সুনামগঞ্জসহ দেশের বেশ কয়েকটি জেলা বন্যাকবলিত হয়ে পড়ায় বন্যা মোকাবিলায় দ্রুত পদক্ষেপ নেওয়ার পাশাপাশি বন্য মোকাবিলার কার্যক্রম তদারকি করার আহ্বান।

ছ. **ডেইলি সান :** গাজীপুরের ফজিলাতুনন্নেছা মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে ও নার্সিং কলেজে জয়েন্ট ভেঞ্চারে মালয়েশিয়ার কেপিজে গ্রুপের বিনিয়োগ করার বিষয়টি স্বাস্থ্যখাতের উন্নয়নে বিরাট প্রভাব ফেলার প্রত্যাশা।

জ. **নিউজ টুডে :** দেশে কর্মরত দুই লাখ বিদেশি দক্ষ কর্মীদের পিছনে বছরে এক বিলিয়ন মার্কিন ডলার ব্যয় হওয়ায় দেশি কর্মীদের যথাযথ প্রশিক্ষণের দ্বারা দক্ষ করে নির্দিষ্ট খাতে নিয়োগ দিয়ে বিদেশি মুদ্রা সাশ্রয় করাসহ কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করার সুপারিশ।

ঝ. **নিউ নেশন, নিউ এজ, ইত্তেফাক :** রাজধানীর মিরপুরে উন্মুক্ত নর্দমায় পড়ে চার বছরের শিশুর নিহত হওয়ার বিষয় তুলে ধরে ঢাকা ওয়াসা ও দুই সিটি করপোরেশনকে এ ধরনের উন্মুক্ত নালা-নর্দমা, খাল ও ম্যানহোলগুলোকে সংস্কার করে নিরাপদ করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে প্রকৃত রাজনীতিবিদ না হয়ে গণতন্ত্র রক্ষার মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে যারা নিজ থেকে জনপ্রতিনিধি হতে চান এবং বিভেদের রাজনীতি বা কৌশলে জয়ী হয়ে যান তাদের দ্বারা রাষ্ট্রের উন্নতি হয়না বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **‘সন্ত্রাস-জঙ্গিবাদ ও বিপথগামী তারুণ্য প্রতিরোধ ও প্রতিকার’** শিরোনামের নিবন্ধে কাজী খলীকুজ্জামান আহমদ বিশ্ব শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে গোটা বিশ্বব্যবস্থাকে পুর্নগঠন করার প্রয়াস নিতে হবে- আধিপত্য বিস্তার নয়, বিশ্বমানবতার বিজয়কে কেন্দ্র করে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা